

## ২.২ ভূমির ব্যবহার ভিত্তিক ভূমি উন্নয়ন কর নির্ধারণে দাবির আপত্তি আবেদন নিষ্পত্তি:

### সেবা প্রদান পদ্ধতি (সংক্ষেপে):

সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক আপত্তি আবেদন প্রাপ্তির পর আপত্তি বিষয়ে প্রতিবেদন দাখিলের জন্য ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা বরাবর প্রেরণ করা হয় এবং শুনানির জন্য দিন / তারিখ ধার্য করে পক্ষকে নোটিশ প্রদান করা হয়। নির্ধারিত তারিখে গৃহীত বক্তব্য এবং ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন পর্যালোচনা অন্তে আদেশ প্রদান করা হয়। আবেদনকারীর আপত্তি গৃহীত হলে ভূমি উন্নয়ন কর পুনঃনির্ধারণের জন্য ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করা হয়। সে মোতাবেক ভূমি উন্নয়ন কর পুনঃনির্ধারণ করে সংশ্লিষ্ট রেজিস্টার এবং প্রয়োজনে রিটার্ণ- ২/৩ সংশোধন করা হয়।

সেবা প্রাপ্তি সময়: আবেদন দাখিলের পর ২০-২৫ দিন

প্রয়োজনীয় ফি: ১। আবেদনের সঙ্গে ২০ টাকার কোর্ট ফি; ২। প্রসেস জারি ফি- ৫০/-

সেবা প্রাপ্তির স্থান: উপজেলা/রাজস্ব সার্কেল ভূমি অফিস

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী: ১। সহকারী কমিশনার (ভূমি); ২। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ।

### প্রয়োজনীয় কাগজপত্র:

- ১। আবেদন;
- ২। আবেদনকারীর জাতীয় পরিচয় পত্রের কপি;
- ৩। আবেদনকারীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি;
- ৪। দাবির/মালিকানার স্বপক্ষীয় কাগজপত্র।

সেবা প্রাপ্তির শর্তাবলি: দাবির স্বপক্ষে কাগজ সহ আবেদন দাখিল

### সংশ্লিষ্ট আইন ও বিধি:

- ১। রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন, ১৯৫০ ;
- ২। ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়াল-১৯৯০;
- ৩। ভূমি উন্নয়ন কর অধ্যাদেশ ১৯৭৬

সেবা প্রদানে ব্যর্থ হলে প্রতিকারকারী কর্মকর্তা:

জেলা প্রশাসক/অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)

সেবার নাম: ভূমি উন্নয়ন কর নির্ধারণে ভূমির ব্যবহারভিত্তিক শ্রেণি পরিবর্তনের আবেদন নিষ্পত্তি



